

কলকাতা বিশ্ববিদ্যালয়

ইতিহাস অনার্স

CC 6 সেমিস্টার 3

প্রশ্ন: রাষ্ট্র সম্পর্কে ম্যাকিয়াভেলির ধারণা বর্ণনা করো। (10)

উত্তর:----- পাশ্চাত্য রাষ্ট্রচিন্তার ইতিহাসে যে কয়েকজন চিন্তক সমকালীন ঘটনাবলীর দ্বারা প্রভাবিত হয়ে রাষ্ট্র সম্বন্ধে তাদের বক্তব্য লিপিবদ্ধ করে গেছেন ম্যাকিয়াভেলি এদের মধ্যে অন্যতম। ১৪৬৯ সালে ইতালির অন্তর্গত ফ্লোরেন্স শহরে তিনি এক সচ্ছল পরিবারের জন্মগ্রহণ করেন। নির্বাসিত জীবনে ম্যাকিয়াভেলি একাধিক বই লেখেন। এদের মধ্যে উল্লেখযোগ্য হলো---The prince, the Discourses, The art and war ইত্যাদি। The prince প্রকাশিত হয় ১৫১৩ খ্রিস্টাব্দে। এই গ্রন্থ থেকে ম্যাকিয়াভেলির রাষ্ট্রচিন্তা ও রাষ্ট্র দর্শনের প্রকৃত পরিচয় পাওয়া যায়।

ম্যাকিয়াভেলির ও ম্যাকিয়াভেলিও চিন্তাধারার সমর্থকগণ প্রায় বলেন ধর্ম ও রাজনীতি সম্পর্কে তিনি যেমন সুস্পষ্ট ধারণা দিয়ে গেছেন তেমনি রাষ্ট্র সম্বন্ধেও তিনি কতগুলো স্পষ্ট কথা বলে গেছেন। পরবর্তীকালে তার মন্তব্য থেকে রাষ্ট্র সম্বন্ধীয় একটা তত্ত্ব অনেকে প্রস্তুত করার চেষ্টা করেছেন। তবে এই তত্ত্বও ম্যাকিয়াভেলির নামাঙ্কিত হলেও আসলে এটা বিশ্লেষকের নিজস্ব বক্তব্যে পরিণত হয়েছে। কার্যত রাষ্ট্র সম্পর্কে তার কোনো সঠিক বক্তব্য ছিল না। সমকালীন রাষ্ট্রগুলোর পরিচালন ব্যবস্থা, কার্যপ্রণালী ও আচরণ বিষয়ে তিনি অধিক মাত্রায় উৎসাহী ছিলেন। রাষ্ট্রকে কেন্দ্র করে একটি সুসংহত ও যুক্তি শীল তত্ত্ব প্রস্তুত করতে তিনি চাননি। রাষ্ট্র কিভাবে গড়ে উঠবে এবং কিভাবে শক্তি সঞ্চয় করা উচিত ও অপরাপর রাষ্ট্রের সঙ্গে এর কি ধরনের সম্পর্ক হওয়া দরকার ইত্যাদি বিষয় নিয়ে তিনি অনেক আলোচনা করেছেন। ম্যাকিয়াভেলির মতে রাষ্ট্র হল একটি অত্যন্ত প্রয়োজনীয় প্রতিষ্ঠান। শান্তি ও নিরাপত্তা প্রদানের জন্য ব্যক্তি এককভাবে কোনো সিদ্ধান্ত নিতে পারে না, তাই প্রয়োজন হয় রাষ্ট্রের। অ্যালেন এ প্রসঙ্গে লিখেছেন-----" The state is an organisation of force for the maintenance of security of possession"

গ্রিক দার্শনিক প্লেটো এবং অ্যারিস্টোটল রাষ্ট্রের স্বতন্ত্র উদ্দেশ্য বর্ণনা করে গেছেন। সৎ ও উন্নত জীবন সুনিশ্চিত করা, নেই বিচার ও আদর্শ প্রতিষ্ঠা করার যে বক্তব্য রেখেছিলেন ম্যাকিয়াভেলি তাকে সুনিশ্চিত রূপ দেন। ম্যাকিয়াভেলির মতে---The end of the state is that which rulers and people do actually propose to themselves. অর্থাৎ জনগণ ও শাসক যা চায় রাষ্ট্রকে তাই করতে হবে। কোন পূর্বনির্ধারিত উদ্দেশ্যকে কার্যকর করার জন্য রাষ্ট্র আদৌ প্রতিশ্রুতি বদ্ধ নয়।

এ্যালেন বলেছেন যে ম্যাকিয়াভেলির রাষ্ট্র হল সম্পূর্ণরূপে একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। মধ্যযুগের একটি রাজনৈতিক প্রতিষ্ঠান হিসাবে রাষ্ট্রের কোন অস্তিত্ব ছিল না। গির্জা ও পুরোহিত সম্প্রদায়ের ইচ্ছানুযায়ী রাষ্ট্রব্যবস্থা পরিচালিত ও শাসিত হতো। রাজার ইচ্ছার কোন স্বতন্ত্র মর্যাদা ছিল না। গির্জার নির্দেশ ছিল চরম ও চূড়ান্ত। এমনকি রাজার ব্যক্তিগত ও পারিবারিক জীবন পর্যন্ত গির্জার নির্দেশে চলত। এককথায় ধর্মরাজনীতি একত্র মিলেমিশে একাকার হয়ে গিয়েছিল। ম্যাকিয়াভেলি চেয়ে ছিলেন রাষ্ট্রব্যবস্থাকে গির্জার কবল থেকে মুক্ত করতে। ম্যাকিয়াভেলি রাষ্ট্রকে সম্পূর্ণ ধর্মনিরপেক্ষ করতে চান। রাষ্ট্রশাসনের সঙ্গে ধর্মের কোন প্রাসঙ্গিকতা নেই বলে তিনি স্থির সিদ্ধান্তে এসেছিলেন। অবশ্য ম্যাকিয়াভেলি মনে করতেন রাষ্ট্রের একটি নিজস্ব ধর্ম থাকবে। কিন্তু সেই ধর্ম গির্জা বা পুরোহিত সম্প্রদায়ের ইচ্ছানুযায়ী হবে না। ধর্ম ও রাজনীতির জন্য আলাদা প্রকোষ্ঠ থাকবে। ধর্ম থেকে রাষ্ট্র এত বেশি স্বাতন্ত্র্য বজায় রাখবে যে রাষ্ট্রকে একটা স্বতন্ত্র সত্তা বলে মনে হবে।

ম্যাকিয়াভেলির রাষ্ট্র কেবল ধর্মনিরপেক্ষ নয়, তা জাতীয় রাষ্ট্র বটে।রোমান সাম্রাজ্যের পতনের পর থেকে কোন চিন্তাবিদ রাষ্ট্রকে জনসমক্ষে এমন স্পষ্ট ভাবে জনসমক্ষে আলাদাভাবে তুলে ধরেন নি।একমাত্র জাতীয় রাষ্ট্র যে জনগণের আশা-আকাঙ্ক্ষা পূর্ণ করতে পারে একথা কেবল ম্যাকিয়াভেলি দ্ব্যর্থহীন ভাষায় দ্য প্রিন্স ও দ্য ডিসকোর্সেস টির মধ্যে বর্ণনা করে গেছেন। জাতীয় রাষ্ট্রের ভিত্তি হলো ভাষা প্রথা ও আচার-আচরণের অভিন্নতা।এই সমস্ত উপাদানের উপর ম্যাকিয়াভেলীকে গুরুত্ব দিতে দেখা যায়।

প্রখ্যাত সমালোচক মনে করেন--" That Machiavelli perceived the advantage to a government of having subject similar in language customs and habits of life, is quite clear ". অন্য ভাষা ও ধর্মের জনগোষ্ঠীর উপর কেবল সামরিক জোরে আধিপত্য স্থাপন করতে গেলে নানা রকম জটিলতা দেখা দেয়। এ

একথা তিনি খুব ভালো করে উপলব্ধি করেছিলেন।

এক জাতি এক রাষ্ট্র হিসেবে ফ্রান্স ও স্পেন তার সমর্থন ও প্রশংসা লাভ করেছিল। দু প্রিন্স গ্রন্থের শেষ অধ্যায়েতিনি প্রস্তাব করেছেন যে ইতালি থেকে সমস্ত বিদেশিকে বিতাড়িত করে একটি মাত্র শক্তিশালী জাতীয় রাষ্ট্রের রূপান্তরিত করে ইতালি একটি জাতীয় রাষ্ট্র হিসাবে পরিগণিত হোক। পাশ্চাত্য রাষ্ট্রচিন্তার গবেষকগণ মনে করেন যে ম্যাকিয়াভেলির এই বিদেশী বিদ্বেষের পিছনে বাস্তব পরিস্থিতি কাজ করেছিল।

ম্যাকিয়াভেলির রাষ্ট্র সম্পর্কিত ধারণার মূল্যায়ন করতে গিয়ে বলা যায় যে তিনি কেবল সমকালীন রাষ্ট্রসমূহের কাজকর্ম বিশ্লেষণ করে দায়িত্ব শেষ করেনি। ভবিষ্যতের রাষ্ট্র কোন পথে অগ্রসর হবে এবং তার কি কি করা উচিত সে বিষয়ে তিনি ভবিষ্যদ্বাণী করে গেছেন।রাষ্ট্রকে শক্তিশালী ও ঐক্যবদ্ধ করতে হলে গির্জার প্রভাব যেকোনো মূল্যে খর্ব করতে হবে একথা ম্যাকিয়াভেলি জোরের সঙ্গে বলেছেন।তিনি আরো বলেছেন যে আগামী দিনের যে কোন রাষ্ট্রের উচিত কাজ হবে ধর্মকে বর্জন করা।

Answer is contributed by: পার্থপ্রতিম পাত্র, উদয়নারায়নপুর